

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৪০

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ আমরা যেদিকে ইশারা করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْنُ خَبَرِ ثَانِ يُصرَّحُ بِالْإِيمَاءِ الَّذِي أَشَرْنَا إليه

আরবী

3640 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ أَخْبَرَنَا أحمد بن أبي بكر عن مالك عن أبي النَّخْرِ مَوْلَى عُمَرَ بْنِ عُبَيْدِ اللَّهِ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَصنُومُ حَتَّى نَقُولَ لَا يُفْطِرُ وَيُفْطِرُ حَتَّى نَقُولَ لَا يَصنُومُ وَمَا رَأَيْتُ رَسُولَ اللّهِ عليه وسلم اسْتَكْمَلَ صِيَامَ شَهْرٍ قَطُّ إِلَّا رَمَضَانَ وَمَا رَأَيْتُهُ أَكْثَرَ صِيَامًا اللّهِ في شعبان.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3640 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (2103): ق.

বাংলা

৩৬৪০. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (কোন মাসে) এতো অধিক সিয়াম রাখতে থাকতেন যে, আমরা মনে করতাম, তিনি সিয়াম ছাড়াবেন না। তারপর তিনি এতো অধিক সিয়াম ছাড়তেন যে, আমরা মনে করতাম, তিনি সিয়াম রাখবেন না। আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে রমযান ছাড়া কোন মাস পুরোপুরি সিয়াম রাখতে দেখিনি এবং আমি তাঁকে শা'বান মাসের চেয়ে অন্য কোন মাসে অধিক সিয়াম রাখতে দেখিনি।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১০৩; সহীহ মুসলিম: ১১৫৬; নাসাঈ: ৪/১৫১; ইবনু মাজাহ: ১৭১০; সহীহুল বুখারী: ১৯৭০; বাগাবী: ১৭৭৭; সুনান বাইহাকী: ৪/২৯২।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২১০৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন